গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চারঘাট, রাজশাহী
http://charghat.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১২৫.০০০.০৮.০২০.১৭-১৭৬ (২০০)

তারিখ ঃ ২৭ মাঘ ১৪২৩
০৯ ফেব্রুয়ারি ২০১৭

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,চারঘাট উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্ন-তফশীলভুক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৪ সনের পহেলা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে সম্পূর্ন অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত দেয়া হবে। ইচ্ছুক দরপত্রদাতাগণ জেলা প্রশাসক,রাজশাহী মহোদয়ের কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়,সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়,চারঘাট, সোনালী ব্যাংক লিঃ,চারঘাট শাখা এবং চারঘাট মডেল থানা হতে প্রতিটি হাটের জন্য বিস্তারিত শর্তসম্বলিত প্রতি সেট সিডিউল নির্ধারিত মূল্যে(অফেরৎযোগ্য) নিম্ন তফশীলের ৭নং কলামে বর্ণিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময় (তফসিলের ৬ নং কলামে বর্ণিত তারিখ পর্যন্ত) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ ১ম বার আগামী ২৮/০২/২০১৭ খ্রি. তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী, পুলিশ সুপারের কার্যালয়,রাজশাহী, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি)এর কার্যালয়, চারঘাটে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই বিকাল ৩-৩০ টার সময় উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ধর্তব্য মূল্যের নিম্নের কোন দর কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্খিত দর পাওয়া না গেলে তফশিলের ৭নং কলামে বর্ণিত তারিখসমূহে পর্যয়ক্রমে ক্যালেন্ডর এবং উল্লিখিত স্থান ও সময়সূচি অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে।

প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত দরপত্র মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা প্রদান করতে হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না রাখলে কিংবা হাটের অন্য কোন ক্ষতিসাধন করলে জামানত হিসেবে সংরক্ষিত ৫% অর্থ হতে ক্ষয়ক্ষতির ব্যয় মিটানো হবে।ইজারার মেয়াদ শেষে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর ফেরত দেয়া হবে।কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র সন্তোষজনক বলে বিবেচিত হলে অনুমোদিত দরদাতাকে পত্র প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% টাকা,অনুমোদিত দরের ৫% আয়কর (আই.টি) ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দিতে হবে,অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। উল্লিখিত শর্তাবলী প্রালিত হলে ইজারা গ্রহীতার সাথে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনান্তে অনুমোদিত ইজারা গ্রহীতার বরাবরে হাটের দখল হস্তান্তর করা হবে।কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা এবং যেকোন দরদাতার দর বহাল রেখে পুনরায় দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষণ করেন।

### তফশিল (বাংলা ১৪২৪ সনের হাট-বাজার ইজারার ক্যালেন্ডার)

| ক্রম | হাট-বাজারের নাম | ইউনিয়ন এর নাম | সরকারি (ইজারা) মূল্য | সিডিউল মূল্য | সিডিউল বিক্রির তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | নন্দনগাছি হাট | নিমপাড়া | ১০২০৪২১/- | ২৮০০/- | ১ম বার ২৭/০২/২০১৭ | ১ম বার ২৮/০২/২০১৭ |
| ০২ | ভাটপাড়া হাট | ঐ | ১২৩৯০/- | ৫০০/- | ২য় বার ১৩/০৩/২০১৭ | ২য় বার ১৪/০৩/২০১৭ |
| ০৩ | জাগিরপাড়া হাট | ঐ | ৬০৮৮/- | ৫০০/- | ৩য় বার ২৯/০৩/২০১৭ | ৩য় বার ৩০/০৩/২০১৭ |
| ০৪ | নিমপাড়া হাট | ঐ | ৫৪৩৪/- | ৫০০/- | ৪র্থ বার ১১/০৪/২০১৭ | ৪র্থ বার ১২/০৪/২০১৭ |
| ০৫ | ডাকরা হাট | ভায়ালক্ষীপুর | ৪১৫২৪/- | ৫০০/- | ৫ম বার ২৬/০৪/২০১৭ | ৫ম বার ২৭/০৪/২০১৭ |
| ০৬ | পুঠিমারী হাট | ঐ | ১০৯৮৫/- | ৫০০/- | ৬ষ্ঠ বার ৩০/০৫/২০১৭ | ৬ষ্ঠ বার ৩১/০৫/২০১৭ |
| ০৭ | বনকিশোর হাট | ঐ | ৩১৭৯/- | ৫০০/- | ৭ম বার ২৮/০৬/২০১৭ | ৭ম বার ২৯/০৬/২০১৭ |
| ০৮ | বুধির হাট | ঐ | ১৭৮৫৯/- | ৫০০/- | ৮ম বার ৩০/০৭/২০১৭ | ৮ম বার ৩১/০৭/২০১৭ |
| ০৯ | বাকড়া হাট | ঐ | ১১৯৪২৫/- | ১০০০/- | ৯ম বার ৩০/০৮/২০১৭ | ৯ম বার ৩১/০৮/২০১৭ |
| ১০ | হলিদাগাছি হাট | শলুয়া | ১১৬৯৮/- | ৫০০/- | ১০ম বার ২৭/৯/২০১৭ | ১০ম বার ২৮/৯/২০১৭ |
| ১১ | গোবিন্দপুর হাট | ইউসুফপুর | ৩২১৯১/- | ৫০০/- | ১১তম বার ৩০/১০/১৭ | ১১তম বার ৩১/১০/১৭ |
| ১২ | টাঙ্গন চৌমুহনী হাট | ঐ | ২৮৫৪০/- | ৫০০/- | ১২তম বার ২৯/১১/১৭ | ১২তম বার ৩০/১১/১৭ |
| ১৩ | পরানপুর হাট | চারঘাট | ২১৬১৬/- | ৫০০/- | ১৩তম বার ২৭/১২/১৭ | ১৩তম বার ২৮/১২/১৭ |
| ১৪ | বড়বড়িয়া হাট | ঐ | ৩৫৪৩/- | ৫০০/- | ১৪তম বার ৩০/০১/১৮ | ১৪তম বার ৩১/০১/১৮ |

উল্লেখ্য, দরপত্রদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গিন দুই কপি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ছবি,জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং সংশ্লিষ্ট এলাকার মেয়র/চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদ দাখিল করতে হবে।হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন হাটের দরপত্র দাখিলের তারিখে দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদিত হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত আরও কোন তথ্য জানার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।এছাড়া ইজারা বিজ্ঞপ্তিটি **http://charghat.rajshahi.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৭/০২/১৭

(মোঃ আশরাফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী
টেলিফোন নম্বর ০৭২২৩-৫৬০০১
E-mail: unocharghat@mopa.gov.bd

০৭/২/১৭

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
০২। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ,রাজশাহী
০৩। জেলা প্রশাসক,রাজশাহী
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা,রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ, রাজশাহী
০৬। পুলিশ সুপার, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
০৭। উপ-পরিচালক,স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী।তাঁকে ধার্য তারিখ নির্ধারিত মূল্যে হাট-বাজারের সিডিউল বিক্রি এবং দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
০৮। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,.........................(সকল),রাজশাহী
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও উন্নয়ন)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
১০। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি,রাজশাহী
১১। উপজেলা নির্বাহী অফিসার,............................(সকল),রাজশাহী
১২। মেয়র,..............................(সকল) পৌরসভা,রাজশাহী
১৩। সহকারী কমিশনার(ভূমি),চারঘাট,রাজশাহী। তাঁকে ধার্য তারিখ নির্ধারিত মূল্যে হাট-বাজারের সিডিউল বিক্রি এবং দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১৪। উপজেলা .............................. অফিসার(সকল),চারঘাট,রাজশাহী ( বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য)
১৫। সাব রেজিস্ট্রার,চারঘাট,রাজশাহী
১৬। অফিসার ইনচার্জ,চারঘাট মডেল থানা/ম্যানেজার,সোনালী ব্যাংক লিঃ,চারঘাট শাখা,চারঘাট,রাজশাহী। তাঁকে ধার্য তারিখ নির্ধারিত মূল্যে হাট-বাজারের সিডিউল বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১৭। চেয়ারম্যান,ইউসুফপুর/শলুয়া/সরদহ/নিমপাড়া/চারঘাট/ভায়ালক্ষীপুর ইউনিয়ন পরিষদ,চারঘাট,রাজশাহী
১৮। পোস্ট মাস্টার,উপজেলা পোস্ট অফিস,চারঘাট,রাজশাহী
১৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,সরদহ/চারঘাট/নন্দনগাছি ইউনিয়ন ভূমি অফিস,চারঘাট,রাজশাহী।তাঁকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং প্রচার শেষে নির্ধারিত তারিখের পূর্বেই জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো।
২০। সম্পাদক,দৈনিক সোনার দেশ/দৈনিক সানশাইন/দৈনিক সোনালী সংবাদ/দৈনিক নতুন প্রভাত,রাজশাহী।তাঁকে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতায় ( ১০"×০৩ কলাম সাইজ) স্বল্প পরিসরে ১৪/০২/২০১৭খ্রি. তারিখের মধ্যে একদিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
২১। জনাব.....................................................,ইজারাদার,..............................হাট,চারঘাট,রাজশাহী
২২। জনাব...........................................................................................................,চারঘাট,রাজশাহী
২৩। অফিস নথি/নোটিশ বোর্ড।